

নং- এডি-পি(২)-০৪৮৩/১০৬

০৪ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
তারিখঃ-----
১৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ খলিলুর রহমান-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশ দূতাবাস, কাঠমুন্ডু-তে ব্যক্তিগত কর্মকর্তা পদে বদলি করা হলোঃ

- | | | |
|-----------------------------------|---|---|
| ক) বেতন | ঃ | জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী। |
| খ) বৈদেশিক ভাতা | ঃ | বিধি অনুযায়ী প্রাপ্য। |
| গ) চিকিৎসা ভাতা | ঃ | বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে চিকিৎসা সুবিধাদি। |
| ঘ) সন্তানাদির শিক্ষা ভাতা | ঃ | বিধি অনুযায়ী প্রাপ্য। |
| ঙ) উৎসব ভাতা | ঃ | বিধি অনুযায়ী প্রাপ্য। |
| চ) বাসস্থান | ঃ | বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে আসবাবপত্রসহ বাসস্থান। |
| ছ) বদলি অনুদান | ঃ | ঢাকায় আহরিত মাসিক বেতনের অর্ধেকের সমপরিমাণ অর্থ। বেতনের এক চতুর্থাংশ ঢাকায় এবং এক চতুর্থাংশ কাঠমুন্ডু-তে প্রদেয়। |
| জ) ভ্রমণ ব্যয় | ঃ | বিধি অনুযায়ী নিজ এবং পরিবারের সদস্যদের জন্য অনুমোদিত পথে সরকারি ব্যয়ে ঢাকা হতে কাঠমুন্ডু পর্যন্ত বিমানে সুলভ শ্রেণি-তে (Economy Class) ভ্রমণ এবং তদসঙ্গে আনুষঙ্গিক ব্যয়। |
| ঝ) ব্যক্তিগত মালামাল পরিবহন ব্যয় | ঃ | বিধি অনুযায়ী ঢাকা হতে কাঠমুন্ডু পর্যন্ত ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ অথবা ব্যক্তিগত মালামাল পরিবহন বাবদ প্রকৃত খরচ। |

২। জনাব মোঃ খলিলুর রহমান-কে উক্ত মিশনে অবিলম্বে যোগদানের জন্য নির্দেশ দেয়া হলো।

৩। উক্ত কর্মকর্তা সরকারি বাসায় অবস্থান করলে আবাসন সংক্রান্ত বিষয়াদি দায়িত্বভার ত্যাগের পূর্বে আবশ্যিকভাবে সাধারণ সেবা-১ শাখায় বুঝিয়ে দিবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বদলি আদেশ জারি করা হলো।



(মোঃ আলমগীর হোসেন)
সহকারী সচিব (সংস্থাপন-২)
ফোনঃ ৯৫৬২৯৫১

ই-মেইল: p2@mofa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন/পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী/সহকারী সচিব (পিএন্ডও/এসএসএ/বাজেট/কনসুয়ার/এমবি ও ইকুপমেন্ট/সাধারণ সেবা-১ ও ২/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তা ও তার পরিবারের সদস্যদের অনুকূলে পাসপোর্ট প্রদানের অনুরোধসহ)।
- ৭। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক (প্রধান কার্যালয়), মতিবিল, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা (উক্ত কর্মকর্তা ও তার সহগামীদের বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ, ফ্যাক্স নং-৮৯০১৫৪৪)।
- ৯। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, কাঠমুন্ডু।
- ১০। জনাব মোঃ খলিলুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। অফিস কপি।



(মোঃ আলমগীর হোসেন)
সহকারী সচিব (সংস্থাপন-২)